

আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ২৫

আরবি মূল আয়াত:

ءَأَلْقَى الذِّكْرُ عَلَيْهِ مِنْ بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ أَشِرٌّ ﴿٢٥﴾

অনুবাদসমূহ:

‘আমাদের মধ্য থেকে কি তার ওপরই উপদেশবাণী পাঠানো হয়েছে ? বরং সে চরম মিথ্যাবাদী অহঙ্কারী’। — আল-বায়ান

আমাদের (এত মানুষের) মধ্যে শুধু কি তার উপরই বাণী পাঠানো হয়েছে? না, বরং সে বড়ই মিথ্যুক, দাস্তিক। — তাইসিরুল

আমাদের মধ্যে কি তারই প্রতি প্রত্যাশা হয়েছে? না, সেতো একজন মিথ্যাবাদী, দাস্তিক। — মুজিবুর রহমান

Has the message been sent down upon him from among us? Rather, he is an insolent liar." — Sahih International

২৫. আমাদের মধ্যে কি তারই প্রতি যিকর(১) পাঠানো হয়েছে? না, সে তো একজন মিথ্যাবাদী, দাস্তিক।(২)

(১) এখানে যিকর অর্থ, আল্লাহর বাণী ও শরীআত। যা তিনি তাদেরকে জানাচ্ছেন। [দেখুন: ফাতহুল কাদীর]

(২) বলা হয়েছে, أَشِرُّ অর্থ আত্মগবী ও দাস্তিক। অর্থাৎ কাফেরদের বক্তব্য হচ্ছে, এ ব্যক্তি এমন যে এর মগজে নিজের শ্রেষ্ঠত্বের ধারণা বদ্ধমূল হয়ে গিয়েছে এবং এ কারণে সে গর্ব প্রকাশ করছে। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(২৫) আমাদের মধ্যে কি ওরই প্রতি প্রত্যাশা হয়েছে? বরং সে তো একজন মিথ্যাবাদী, দাস্তিক।’ [1]

[1] أَشِرُّ এর অর্থ مُنْكَبِرٌ (অহংকারী)। অথবা তার অর্থ, মিথ্যা বলায় সীমা অতিক্রমকারী। অর্থাৎ, সে ভীষণ মিথ্যুক। সে বলে, আমার উপর অহী আসে। আমাদের মধ্যে কেবল তারই কাছে কি অহী আসার ছিল? নাকি এর মাধ্যমে আমাদের উপর স্বীয় বড়ত্ব দেখানো তাঁর উদ্দেশ্য।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন